গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম

# বন্ডেড ওয়্যার হাউস ব্যবস্থাপনা

কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কাস্টমস বন্ড কমিশনারেট

৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম
ওয়েবসাইট ঃ www.cbcctg.gov.bd

## বন্ডেড ওয়্যার হাউস ব্যবস্থাপনা

কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম বাংলাদেশের দ্বিতীয় বন্ড কমিশনারেট। ২৫/০৩/২০০১ খ্রিঃ তারিখে কাস্টমস বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয় হিসেবে চট্টগ্রামের কার্যক্রম শুরু হয়। দেশের বৃহত্তম শিল্প নগরী চট্টগ্রামের ব্যবসায়ী সম্প্রদায়ের দীর্ঘদিনের প্রয়োজনের তাগিদে ২০১১ সালের আগস্ট মাসে পূর্ণাঙ্গ কমিশনারেট হিসেবে রূপ লাভ করে। বৈদেশিক মুদ্রা অর্জন, রপ্তানিকে বেগবান ও আন্তর্জাতিক ব্যবসা বাণিজ্য বৃদ্ধির জন্য বাংলাদেশ সরকার রপ্তানিকারকদের বন্ডেড ওয়্যারহাউস সুবিধা দিয়ে থাকে। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৩ এবং ধারা ৮৪-১১৯ এর আওতায় কাস্টমস বন্ডেড ওয়্যারহাউস সংক্রান্ত কার্যক্রম পরিচালিত হয়। কাস্টমস ওয়্যার হাউস ব্যবস্থাপনার জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত প্রজ্ঞাপন, অফিস আদেশ, স্থায়ী আদেশ ও কাস্টমস বন্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত আদেশাবলী আইন ও বিধির পাশাপাশি সমভাবে প্রযোজ্য।

০২। কাস্টমস বন্ড কমিশনারেট এর দুটি কার্যালয় রয়েছে, যথা- (১) কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুনবাগিচা, রমনা, ঢাকা ও (২) কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম. এম. আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম। অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা ভ্যাট কমিশনারেট তাদের অধিক্ষেত্রাধীণ বন্ডেড ওয়্যার হাউস নিয়ন্ত্রয়ন করে থাকেন।

### ০৩। বন্ডেড ওয়্যার হাউসের প্রকারভেদ

ব্যবহৃত কাঁচামালের ধরন, ব্যবহারের উদ্দেশ্যে ও রপ্তানির ধরন ভেদে মূলতঃ দু ধরণের বন্ডেড ওয়্যার হাউস রয়েছে। যথাঃ (i) স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস (SBW) ও (ii) জেনারেল বন্ডেড ওয়্যার হাউস (GBW)।

(i) স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস (SBW)ঃ ১০০% রপ্তানিমুখী পোষাক শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে স্পেশাল বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স ইস্যু করা হয়ে থাকে। এদের মধ্যে রয়েছে ওভেন গার্মেন্টস, নীট গার্মেন্টস ও সুয়েটার।

(ii) জেনারেল বন্ডেড ওয়্যার হাউস (GBW)ঃ রপ্তানিমুখী গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্যান্য শতভাগ (১০০%) রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানকে জেনারেল বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স দেয়া হয়ে থাকে। জেনারেল বন্ডেড ওয়্যার হাউসের মধ্যে ৭(সাত) প্রকারের প্রতিষ্ঠান রয়েছে। যথাঃ

- শতভাগ (১০০%) রপ্তানিমুখী প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠান (প্যাকিং/কার্টুন, লেভেল, পলিব্যাগ, হ্যাংগার, জিপার, বাটন, প্যাডিং ইত্যাদি উৎপাদনকারী বা এক্সেসরিজ শিল্প);
- শতভাগ (১০০%) রপ্তানিমুখী ট্যানারী এবং চামড়াজাত দ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠান;
- শতভাগ রপ্তানিমুখী জাহাজ নির্মাণ শিল্প;
- হোম কনজাম্পশন বন্ডেড ওয়্যার হাউস;
- ডিপ্লোমেটিক বন্ড;
- রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (EPZ) এর বন্ড প্রতিষ্ঠান এবং
- শতভাগ রপ্তানিমুখী প্রচ্ছন্ন টু প্রচ্ছন্ন রপ্তানিমুখী প্রতিষ্ঠান।

### ০৪। বন্ডেড ওয়্যার হাউস পরিচালনা

কাস্টমস বন্ড কমিশনারেট বন্ডেড ওয়্যার হাউস ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নের কার্যাবলী সম্পাদন করে থাকে। যথাঃ
বন্ড লাইসেন্স ইস্যু

- শতভাগ রপ্তানিমুখী প্রচ্ছন্ন বন্ড লাইসেন্স নবায়ন
- শতভাগ রপ্তানিমুখী পোষাক ও নীট পোষাকের বন্ড লাইসেন্স অটো নবায়ন
- বন্ড লাইসেন্সের মালিকানা পরিবর্তন
- কারখানা স্থানান্তরের আবেদন অনুমোদন
- জেনারেল বন্ড সম্পাদন
- বাৎসরিক অডিট

- স্থায়ী আন্তঃ বন্ড স্থানান্তর
- আমদানি পণ্য খালাসের অনাপত্তি পত্র (জেনারেল বন্ডের মেয়াদ না থাকলে)
- ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণ (প্রচ্ছন্ন রপ্তানিকারক এর ক্ষেত্রে)
- ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণ (সরাসরি রপ্তানিকারক এর ক্ষেত্রে)
- নতুন ফরমেটে বন্ড লাইসেন্স জারীকরণ
- লিয়েন ব্যাংক সংযোজন
- লিয়েন ব্যাংক পরিবর্তন
- লিয়েন ব্যাংকের শাখা পরিবর্তন
- অফিস ঠিকানা পরিবর্তন
- মেশিনারীজ স্থাপন/সংযোজন (প্রচ্ছন্ন রপ্তানিকারকের ক্ষেত্রে)
- বন্ড লাইসেন্সে নতুন কাঁচামাল সংযোজন
- ওভেন ও নীট কাপড় দ্বারা সেট তৈরী
- বন্ড সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর
- কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধি
- শতভাগ রপ্তানিমুখী জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠানের বন্ড ব্যবস্থাপনা
- বিদ্যমান বন্ড সুবিধার Continuation এবং Extension
- শতভাগ রপ্তানিমুখী পোষাক শিল্পের জন্য ঋনপত্র ব্যতিরেকে আমদানিকৃত ০৪(চার) মাসের প্রয়োজনীয় কাঁচামাল বন্ডের আওতায় খালাস ও তৎসংশ্লিষ্ট বিষয়াদি
- বন্ডেড শিল্প প্রতিষ্ঠানে রক্ষিত/ক্ষতিগ্রস্থ বা ধ্বংসপ্রাপ্ত কাঁচামালের শুল্ক কর মওকুফ
- বন্ড সংক্রান্ত বিভিন্ন অনিয়মাবলীর আইনানুগ ব্যবস্থাপনা
- কারখানা সম্প্রসারণ
- বন্ডিং মেয়াদ উত্তীর্ণ কাপড়/সুতা সমন্বয়করণ

০৫। কাস্টমস বন্ড কমিশনারেট অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত কার্যাবলী কতটা দ্রুততার সাথে স্বচ্ছতার সাথে সম্পাদন করতে পারে তার উপর সরকারের ভাবমূর্তি বহুলাংশে নির্ভর করে কারণ কাস্টমস বন্ড কমিশনারেট ২২,০০০(বাইশ হাজার) এর বেশী রপ্তানিমুখী শিল্পের ব্যবস্থাপনার সাথে জড়িত। বন্ড সংক্রান্ত বিভিন্ন প্রকৃতির কাজের প্রত্যেকটির জন্য অধিকাংশ ক্ষেত্রে প্রয়োজন হয় ভিন্ন ভিন্ন আনুষ্ঠানিকতার প্রতিপালন ও দাখিল করতে হয় সংশ্লিষ্ট বিভিন্ন কাগজপত্র। কিন্তু একটি নির্দিষ্ট কাজের জন্য কি কি কাগজপত্র বা দলিলাদি দাখিল করতে হবে বা কোন কোন আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে, সে সম্পর্কে সেবা প্রদানকারী কর্মকর্তা ও কর্মচারীদের (বন্ড কর্মকর্তা ও কর্মচারী) এবং সেবা গ্রহণকারীগণেরও অনেক ক্ষেত্রেই সুস্পষ্ট ধারনা থাকেনা। ফলে সৃষ্টি হয় বিভিন্ন প্রকার বিড়ম্বনার। যেমনঃ

- কার্যক্রম সম্পদনে বিলম্ব
- সেবা গ্রহণকারী ও সেবা প্রদানকারী এর মধ্যে ভুল বুঝাবুঝি ও
- একই বিষয়ে বিভিন্ন ধরনের সিদ্ধান্ত; ইত্যাদি

কোন প্রকার কাজের জন্য কি ধরনের দলিলাদি দরকার তা স্পষ্টিকরণ করা হলে এবং সে সম্পর্কে শুল্ক কর্মকর্তাগণ ও বন্ডারগণ অবহিত থাকলে দ্রুততার সময়ে স্বচ্ছতার সাথে সেবা প্রদান সম্ভব। এ লক্ষ্যে ইতোমধ্যে কাস্টমস বন্ড কমিশনারেট থেকে সুস্পষ্ট দিক নির্দেশনা সম্বলিত অফিস আদেশ জারী করা হয়েছে। উক্ত অফিস আদেশটি সংকলিত আকারে উপস্থাপন করা হলো। একই সাথে কাস্টমস বন্ডেড ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট আইন, বিধি, প্রজ্ঞাপন, স্থায়ী আদেশ ও অফিস আদেশ সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হলো।

### ৫.১ (ক)। বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের জন্য আবশ্যিক দলিলাদি (ইপিজেড ব্যতীত)

নতুন বন্ড লাইসেন্স এর জন্য আবেদন করার ক্ষেত্রে নিম্নোক্ত দলিলাদি কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (অতঃপর কমিশনার বলে অভিহিত) বরাবরে দাখিল করতে হবেঃ

- ২০/- (বিশ টাকা মাত্র) টাকা মূল্যের কোট ফি সহ ডাটাবেইজ ফরমে আবেদন
- বিনিয়োগ বোর্ড (ইঙও)/ইঝঈওঈ/বস্ত্র দপ্তরের রেজিস্ট্রেশন সার্টিফিকেট
- কোম্পানীর টিআইএন সনদসহ সকল পরিচালক/মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরনী (আইটি-১০বি) এর সার্টিফাইড কপি
- হালনাগাদ নবায়িত ট্রেড লাইসেন্সের কপি
- হালনাগাদ নবায়িত ফায়ার লাইসেন্সের কপি
- মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র
- সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত
- বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)
- জয়েন্ট স্টক কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন এর মূল কপি এবং সার্টিফিকেট অব ইন কর্পোরেশন সনদপত্র
- মেশিনারীজ আমদানির ক্ষেত্রে ইনভয়েস ও বি/ই, স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি
- এমোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রস্তাবিত বন্ডেড ওয়্যার হাউসের ২(দুই) কপি নীল নকশা
- নোটারীকৃত কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে চুক্তিপত্র
- ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি বিধান মেনে চলার অঙ্গীকারসহ ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা
- হালনাগাদ নবায়িত আইআরসি ও ইআরসি
- লাইসেন্স ফি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) এবং লাইসেন্স ফি এর উপর মূসক ১৫% বাবদ সরকারী কোষাগারে জমা প্রদানের মূল ট্রেজারী চালান
- ১/২/৩ কোটি টাকার (প্রযোজ্য ক্ষেত্রে) জেনারেল বন্ড সম্পাদনের মত আর্থিক স্বচ্ছলতা রয়েছে মর্মে লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্র
- ২০০০/- (দুই হাজার টাকা মাত্র) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ১/২/৩ কোটি টাকার (যে ক্ষেত্রে যা প্রযোজ্য) জেনারেল বন্ড (প্রতিষ্ঠানের সকল পরিচালকগণের স্বাক্ষর ও লিয়েন ব্যাংকের স্বাক্ষর সম্বলিত)
- বন্ড লাইসেন্স ইস্যুর লক্ষ্যে দাখিলকৃত দলিলাদি সঠিক মর্মে ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা
- মালিক/পরিচালকগণের সহযোগী প্রতিষ্ঠান সংক্রান্ত ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা
- মালিক/পরিচালকগণের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের কপি
- কাস্টমস সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর প্রদান সংক্রান্ত ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা

### ৫.১ (খ) । বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের জন্য আবশ্যিক দলিলাদি (ইপিজেড এর জন্য)

**(ক) সাময়িক বন্ড লাইসেন্স এর ক্ষেত্রে ইপিজেড (উচত) সমূহে অবস্থিত কোন প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স প্রদানের ক্ষেত্রে প্রথমে সাময়িক বন্ড লাইসেন্স প্রদান করা হয় । এক্ষেত্রে নিম্নোক্ত দলিলাদি কমিশনার বরাবরে দাখিল করতে হয় ঃ**

- ২০/- (বিশ টাকা মাত্র) টাকা মূল্যের কোর্ট ফিসহ ডাটাবেইজ ফরমে আবেদন
- জয়েন্ট স্টক কোম্পানীর মেমোরেন্ডাম এন্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন
- ১/২/৩ কোটি টাকার (প্রযোজ্য ক্ষেত্রে) জেনারেল বন্ড সম্পাদনের মত আর্থিক স্বচ্ছলতা রয়েছে মর্মে লিয়েন ব্যাংকের প্রত্যয়নপত্র
- মুল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র
- লাইসেন্স ফি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা মাত্র) এবং লাইসেন্স ফি এর উপর ১৫% হারে মূসক বাবদ সরকারী রাজস্ব সরকারী কোষাগারে জমা প্রদানের স্বপক্ষে ট্রেজারী চালানের কপি
- প্রজেক্ট প্রোফাইল
- আমদানিকৃত/স্থানীয়ভাবে সংগ্রহীতব্য মেশিনারীজ এর তালিকা

- এমোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রস্তাবিত বন্ডেড ওয়্যারহাউসের ২(দুই) কপি নীল নকশা
- হালনাগাদ নবায়িত ট্রেড লাইসেন্স
- লিয়েন ব্যাংক সংক্রান্ত ঘোষণা
- কোম্পানির টিআইএন সনদসহ সকল পরিচালক/মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরনী (আইটি-১০বি)
- ওয়ার্ক পারমিট (বিদেশীদের জন্য)
- বেপজা এর সাথে সম্পাদিত লীজ এগ্রিমেন্ট এবং পজেশন হ্যান্ড ওভার সার্টিফিকেট
- সাময়িক বন্ড লাইসেন্স প্রদানের লক্ষ্যে বেপজার সুপারিশ পত্র
- প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত
- এনক্যাশমেন্ট সার্টিফিকেট (বিদেশীদের ক্ষেত্রে)

সাময়িক বন্ড লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিপালনীয় শর্তাবলীঃ

- প্রদত্ত সাময়িক বন্ড রেজিস্ট্রেমন এর আওতায় শুধু এই প্রতিষ্ঠানের জন্য কন্সট্রাকশন ম্যাটেরিয়ালস ও মেশিনারীজ আমদানি করা যাবে
- মেশিনারিজ আমদানির পর কারখানায় স্থাপন করে এ দপ্তরকে অবহিত করতে হবে;
- প্রতিটি মেশিনের কার্যক্রম, উৎপাদন ক্ষমতা এবং ব্যবহৃত কাঁচামালের বিবরণ এবং উৎপাদিত পণ্য বিষয়ে একটি ঘোষনা এ দপ্তরে দাখিল করতে হবে;

**(খ) স্থায়ী বন্ড লাইসেন্স এর ক্ষেত্রে**

সাময়িক বন্ড লাইসেন্স এর শর্ত পালন সাপেক্ষে স্থায়ী বন্ড লাইসেন্স এর জন্য নীচে উল্লিখিত দলিলাদি আবশ্যকঃ

- হালনাগাদ নবায়িত ফায়ার লাইসেন্স এর কপি
- সংশ্লিষ্ট এসোসিয়েশন/বেপজার সুপারিশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)
- মেশিনারীজ আমদানির ক্ষেত্রে ইনভয়েস ও বি/ই, স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি
- ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মেনে চলার অঙ্গীকারসহ ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা
- ২০০০/- (দুই হাজার) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ১/২/৩ কোটি টাকার (যে ক্ষেত্রে যা প্রযোজ্য) জেনারেল বন্ড (প্রতিষ্ঠানের সকল পরিচালকগণের স্বাক্ষর ও লিয়েন ব্যাংকের স্বাক্ষরসম্বলিত)
- বন্ড লাইসেন্স ইস্যুর লক্ষ্যে দাখিলকৃত দলিলাদি সঠিক মর্মে ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা
- মালিক/পরিচালকগণের সহযোগী প্রতিষ্ঠান সংক্রান্ত ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা
- মালিক পরিচালকগণের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের কপি
- কাস্টমস সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর প্রদান সংক্রান্ত ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা

## ৫.২। শতভাগ প্রচ্ছন্ন রপ্তানিমুখী প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স নবায়ন

বন্ড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে দাখিলযোগ্য দলিলাদি;

- নবায়নের আবদেনপত্র;
- নবায়ন ফি বাবদ ৫,০০০/- টাকার ট্রেজারী চালান;
- অডিট ফার্ম কর্তৃক নিরীক্ষিত বার্ষিক অডিট রিপোর্টের কপি;
- হালনাগাদ পরিদর্শন প্রতিবেদন;
- প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীর তালিকা;

- নির্ধারিত ছকে লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত বার্ষিক আমদানি রপ্তানি কার্যক্রমের বিবরণ;
- বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত ফরমেটে লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত নিরীক্ষা মেয়াদের পিআরসি;
- ইউপি, ইউডি, বিবিএলসি, পিআই, মূসক চালান;
- সহযোগী প্রতিষ্ঠানের কাছে কোন দায়-দেনা আছে কিনা ঘোষনাপত্র;
- সর্বশেষ কর বছরের আয়কর রির্টার্ন দাখিলের সনদপত্র;
- ট্রেড লাইসেন্সের কপি;
- বাড়িভাড়ার চুক্তিনামা ও বাড়ী ভাড়ার উপর ভ্যাট পরিশোধের প্রমাণপত্র/ট্রেজারী চালান;
- ইপিজেড এর সাথে আমদানি রপ্তানি ঘোষণা;
- লিয়েন ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংক দিয়ে আমদানি রপ্তানি হয়েছে কিনা তার ঘোষনা;

## ৫.৩ । বিদ্যমান বন্ড সুবিধার Continuation এবং Extension

জাতীয় রাজস্ব বোর্ডেও আদেশ নং- ১২/২০০৮/শুল্ক, তারিখ-১০/০৬/২০০৮ এবং সংশোধনী আদেশ নং-২(২) শুল্ক রপ্তানি ও বন্ড/২০০৭/৪৬(১৪), তারিখ-৩১/০১/২০১০ইং মোতাবেক নিম্নোক্ত শর্তে বন্ড সুবিধার Continuation এবং Extension প্রদানযোগ্য ।

- একই মালিকানাধীন একই প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে;
- একই বন্ড লাইসেন্সের আওতায় সর্বোচ্চ দু'টি স্থানে অবস্থিত চলমান ০২টি ফ্যাক্টরীর জন্য এ সুবিধা প্রযোজ্য হবে,
- নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে যে ধরণের সতর্কতা বা যাচাইমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় এক্ষেত্রেও অনুরূপ পদ্ধতি অনুসরণপূর্বক কমিশনার (বন্ড) সন্তুষ্ট হলে তিনি এ ধরণের Continous Bond এর অনুমতি প্রদান করতে পারবেন;
- নীট, ওভেন, ডাইং ও প্রিন্টিং, টাওয়েল, লিলেন, হোম, টেক্সটাইল খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে;
- এ সুবিধা বন্ড কমিশনারেট এর আওতায় মূল প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ৬০ কিলোমিটার Radious এর মধ্যে যে সকল এলাকায় বিজিএমইএ, বিকেএমইএ, বিটিটিএলএমইএ, বিটিএমএ-ভুক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম চালু রয়েছে শুধু সেসব এলাকায় Continous বন্ড সুবিধা প্রদান করা যাবে;
- Continuation বা Extension বন্ড সুবিধা প্রাপ্ত ফ্যাক্টরীটি মূল বন্ড লাইসেন্সের আওতাধীন হলেও সম্পূর্ণ পৃথক পৃথক প্রতিষ্ঠান/ফ্যাক্টরীতে যেভাবে পৃথক হিসাব খাতা রেজিষ্টার, দলিলাদি সংরক্ষণ, আনুষ্ঠানিকভাবে সম্পন্ন ও পদ্ধতি অনুসরণ করতে হয় এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও তা একইভাবে আলাদা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রতিপালনীয় হবে ।

## ৫.৪ । জেনারেল বন্ড সম্পাদন

জেনারেল বন্ড সম্পাদন এবং লাইসেন্স প্রাপ্তির পর লাইসেন্সি শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে কাঁচামাল আমদানি, গুদামজাতকরণ, ব্যবহার ও রপ্তানি করতে পারবেন এবং এক্ষেত্রে জেনারেল বন্ডের পরিমাণ হবে নিম্নরূপঃ

- প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য ১(এক) কোটি টাকা;
- যুগপৎ প্রচ্ছন্ন এবং সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য ২(দুই) কোটি টাকা;
- সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য ৩(তিন) কোটি টাকা; এবং
- ডিপ্লোমেটিক, ডিউটি ফ্রি এবং ডিউটি পেইড প্রতিষ্ঠানের জন্য ৩(তিন) কোটি টাকা ।

২০০০/- (দুই হাজার) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধি ১২ অনুসরণে উল্লিখিত পরিমাণ অর্থের বন্ড পরিচালকদের স্বাক্ষরে লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত থাকবে । এইরূপ বন্ডসহ আবেদন প্রাপ্তির পর নথি পর্যালোচনাপূর্বক প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স নবায়ন থাকলে ১(এক) বছরের জন্য জেনারেল বন্ড এবং সরাসরি রপ্তানিকারক (নীট, ওভেন ও সুয়েটার প্রস্তুতকারী) প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ৩(তিন) বছর মেয়াদী এবং জাহাজ নির্মাণ প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪(চার) বছর মেয়াদী জেনারেল বন্ড সম্পাদন করা যাবে, যথাঃ-

- যে সকল প্রতিষ্ঠানের অডিট (Audit) কার্যক্রম হালনাগাদ আছে;
- অডিট (Audit) সংক্রান্ত সমুদয় দলিল জমা প্রদান করা হয়েছে; কিন্তু লোকবলের স্বল্পতার কারণে শুল্ক কর্তৃপক্ষ অডিট (Audit) কাজ সম্পন্ন করতে পারেননি । অর্থাৎ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের কোন অসহযোগিতা ছিল না এরূপ ক্ষেত্রে (Audit) দু'বছর বাকী থাকলে;

- গত তিন বছরের মধ্যে দু'বছর (Audit) সম্পন্ন রয়েছে, কিন্তু অডিট (Audit) এর জন্য তৃতীয় বছরের সকল আনুষঙ্গিক দলিলাদি জমা দেয়া হয়নি;
- যে সকল প্রতিষ্ঠানের অডিট (Audit) দুই বছরের অধিক সময়ের জন্য অনিষ্পন্ন রয়েছে এবং সমুদয় দলিলাদি জমা দেয়া হয়নি সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩ (তিন) মাস সময়ের জন্য সাধারণ বন্ড সম্পাদন করা যাবে। অডিট (Audit) এর জন্য সমুদয় দলিলাদি উক্ত ৩ (তিন) মাসের মধ্যে জমা দেয়া না হলে উক্তরূপ সীমিত সময়ের জন্য সম্পাদিত সাধারণ বন্ড বাতিল করা হবে। উক্ত সময়ের মধ্যে গ্রহণযোগ্য কারণে নিরীক্ষা সম্পন্ন না হলে আরও ২১(একুশ) দিনের জন্য সাময়িক জেনারেল বন্ড দেয়া হবে।

উল্লেখ্য আমদানি-রপ্তানি কার্যক্রম অব্যাহত রাখার জন্য জেনারেল বন্ডের মেয়াদ শেষ হওয়ার ১০(দশ) দিন পূর্বে নতুন জেনারেল বন্ডের জন্য আবেদন দাখিল করা যাবে।

### ৫.৫। মালিকানা পরিবর্তন

মালিকানা পরিবর্তনের জন্য নিম্নোক্ত দলিলাদিসহ কমিশনার বরাবরে আবেদন করতে হবে;

- মালিকানা পরিবর্তন বিষয়ে কোম্পানীর বোর্ড মিটিং এর সিদ্ধান্ত;
- বিনিয়োগ বোর্ড/বস্ত্র পরিদপ্তর কর্তৃক অনুমোদিত পরিবর্তিত মালিকানা কাঠামো;
- জয়েন্ট স্টক কোম্পানী অনুমোদিত ফরম-১২ ও ১১৭;
- ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারীকৃত ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত নতুন মালিকগণের নাম, পিতার নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নমুনা স্বাক্ষর, ছবি, পূর্বের এবং পরবর্তীকালে উদ্ভূত দায়-দেনা বহনের অঙ্গীকারনামা;
- নতুন আগত পরিচালকদের জাতীয়তা সনদপত্র অথবা পাসপোর্টের কপি;
- লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র ও ব্যাংক কর্তৃক নতুন মালিকদের বন্ড সম্পাদনের সক্ষমতার বিষয়ে প্রত্যয়নপত্র;
- নতুন মালিকগণ কর্তৃক ২০০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ০৩(তিন) কোটি টাকার জেনারেল বন্ড (ধারা ৮৬ অনুযায়ী); এবং
- মেয়াদ থাকলে জেনারেল বন্ডের প্রতিস্থাপন, মেয়াদ না থাকলে নতুন জেনারেল বন্ড ইস্যুকরণ।

### ৫.৬। কারখানা স্থানান্তরঃ

বর্তমান স্থান হতে অন্যত্র কারখানা স্থানান্তর করার ক্ষেত্রে নিম্নরূপ দলিলাদিসহ কমিশনার বরাবর আবেদন করা যাবে;

- কারখানা ভাড়ার চুক্তিপত্র অথবা মালিকানা দলিলের সত্যায়িত কপি;
- লে-আউট-প্ল্যান এবং কারখানার অনুমোদিত নীল নকশা;
- ট্রেড লাইসেন্স;
- সংশ্লিষ্ট সমিতি অথবা চেম্বারের সুপারিশপত্র; এবং
- লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র।
- কারখানা স্থানান্তরকালে মেশিনারীজ, কাঁচামাল ও উৎপাদিত পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব বন্ডার বহন করবেন মর্মে যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা

উল্লিখিত দলিলাদিসহ আবেদন পাওয়ার ৭(সাত) দিনের মধ্যে কারখানা সাময়িক স্থানান্তরের অনুমোদন দেওয়া হবে। সাময়িক স্থানান্তর অনুমোদন প্রাপ্তির পরবর্তী ০২(দুই) মাসের মধ্যে কারখানা চূড়ান্ত স্থানান্তরপূর্বক নিম্নোক্ত দলিলাদিসহ আবেদন করে চূড়ান্ত স্থানান্তরের অনুমোদন নিতে হবেঃ

- নতুন ঠিকানা সংবলিত ভ্যাট রেজিষ্ট্রেশনের কপি;
- নতুন ঠিকানা সংবলিত আইআরসি ও ইআরসির কপি;
- নতুন ঠিকানা সংবলিত আয়কর সনদপত্রের কপি;
- বিনিয়োগ বোর্ডের সংশোধিত নিবন্ধন পত্রের কপি;
- নতুন ঠিকানায় ফায়ার লাইসেন্সের কপি; এবং
- নতুন ঠিকানায় বিদ্যুৎ অথবা জেনারেটর সংযোগ সংক্রান্ত প্রত্যয়নপত্র;

উল্লিখিত দলিলাদি দাখিলের পর সংশ্লিষ্ট বন্ড অফিসার প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন দিবেন। প্রতিবেদনে দলিলাদি এবং স্থাপনা যথাযথ থাকলে চুড়ান্ত স্থানান্তরের অনুমোদন দেয়া হবে।

### ৫.৭। লিয়েন ব্যাংক সংযোজন

এক্ষেত্রে দাখিলযোগ্য দলিলাদি:

- প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদন;
- সংযোজিতব্য লিয়েন ব্যাংকের সিআইবি এর উদ্ধৃতিসহ অনাপত্তি পত্র;

### ৫.৮। লিয়েন ব্যাংক পরিবর্তন

এক্ষেত্রে নিম্নের দলিলাদি দাখিলযোগ্য:

- প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদন;
- বিদ্যমান লিয়েন ব্যাংক অথবা শাখা ব্যাংকের অনাপত্তি পত্র;
- নতুন সংযোজিত লিয়েন ব্যাংকের সিআইবি এর উদ্ধৃতিসহ অনাপত্তি পত্র।

### ৫.৯। লিয়েন ব্যাংকের শাখা পরিবর্তন

এক্ষেত্রে ব্যাংক ও শাখার নাম উল্লেখপূর্বক আবেদন পত্র দাখিল করতে হবে।

### ৫.১০। অফিস ঠিকানা পরিবর্তন

অফিসের ঠিকানা পরিবর্তনের জন্য নিম্নোক্ত দলিলাদি আবশ্যক

- অফিস ঠিকানা পরিবর্তনের লেটার প্যাডে আবেদনপত্র;
- সংশ্লিষ্ট সমিতির সুপারিশপত্র;
- বাড়ী ভাড়ার চুক্তিপত্র অথবা নিজস্ব হলে ভবনের মালিকানা দলিল

### ৫.১১। মেশিনারীজ স্থাপন/সংযোজন (প্রচ্ছন্ন রপ্তানিকারকের ক্ষেত্রে)

আলোচ্য ক্ষেত্রে যেসব দলিলাদি প্রয়োজন:

- আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে ক্রয়কৃত মেশিনারীজের আমদানি/ক্রয় সংক্রান্ত দলিলাদি যথাঃ বি/ই, এলসি, ইনভয়েস, বিএল/ এয়ারওয়ে বিল/ ট্রাক চালান, মূসক চালান-১১ এর কপি;
- মেশিনারীজ স্থাপনের ঘোষণাপত্র;
- মেশিনারীজের ক্যাটালগ;

সুপারিনটেনডেন্ট পদমর্যদার নিম্নে নয় এমন কর্মকর্তা উল্লিখিত দলিলাদি যাচাই এবং কারখানা সরেজমিনে পরিদর্শনপূর্বক মেশিনারীজের উৎপাদন ক্ষমতা নির্ধারণপূর্বক এ সংক্রান্ত আদেশ নির্দেশ অনুযায়ী সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা ও সুপারিনটেনডেন্ট প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদন অনুযায়ী নতুন মেশিনারীজ বন্ড লাইসেন্সে অন্তর্ভূক্তির আদেশ দেয়া হবে এবং নতুন মেশিনের প্রাপ্যতা প্রদান করা হবে।

### ৫.১২। কারখানা সম্প্রসারণ

- সার্টিফাইড ইঞ্জিনিয়ার দ্বারা প্রণীত সংশোধিত নীল নকশা;
- কারখানা ভবনের চুক্তিপত্র অথবা মালিকানা দলিলের কপি;
- সমিতির সুপারিশ।

আবেদন পাওয়ার পর সরেজমিনে যাচাইয়ে কারখানা ভবন সঠিক পাওয়া গেলে তা অনুমোদন দেয়া হবে।

### ৫.১৩। বন্ড লাইসেন্সে নতুন কাঁচামাল সংযোজন

বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সেধারী প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সে নতুন কাঁচামাল সংযোজন করতে চাইলে বিনিয়োগ বোর্ড/ ইপিজেড এর সুপারিশসহ কোম্পানীর প্যাডে কাঁচামালের নাম ও এইচএস কোড উল্লেখপূর্বক বন্ড কমিশনারেটের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা

বরাবরে আবেদন করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে বন্ড অফিসার এবং সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্ট কর্তৃক উক্ত কাঁচামালের ব্যবহার সরেজমিনে যাচাইপূর্বক সুপারিশ করা হলে সে মোতাবেক কাঁচামাল বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তির ব্যবস্থা নেয়া হবে।

ওভেন/ নীট/ সুয়েটার প্রস্তুতকারক কর্তৃক আংশিক নীট/ আংশিক ওভেন/ আংশিক সুয়েটার পোশাক সংযুক্তিপূর্বক সেট তৈরী করে রপ্তানির ক্ষেত্রে নিম্নবর্ণিত দলিলাদিসহ বিভাগীয় কর্মকর্তা বরাবরে আবেদন করতে হবে।

- বিজিএমইএ/ বিকেএমইএ কর্তৃক এ বিষয়ে ইস্যুকৃত ইউডি এর কপি
- সাব কন্ট্রাক্ট এর দলিল অথবা চুক্তিনামা
- ক্ষেত্র বিশেষ ঋনপত্রের কপি
- প্রোফরমা ইনভয়েস (পিআই) অথবা ইনভয়েস এবং
- প্রদত্ত সুবিধার যথাযথ ব্যবহার প্রতিষ্ঠিত করতে না পারলে যাবতীয় আইনগত দায় দায়িত্ব পালনে বাধ্য থাকবে মর্মে যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান। রপ্তানি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর রপ্তানি সংক্রান্ত দলিলাদি পর্যালোচনায় রপ্তানি প্রতিষ্ঠিত হলে অঙ্গীকারনামাটি অবমুক্ত করা হবে।

## ৫.১৫। কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধি

সমিতি কর্তৃক কাঁচামালের গুণগতমান সম্পর্কে সুপারিশসহ আবেদন। উক্ত সুপারিশ পাওয়ার পর বন্ড অফিসার সরেজমিনে পরিদর্শন করে কাঁচামালের মজুদ ও গুণাগুণ যাচাই করে কাস্টমস বন্ড কমিশনারেট থেকে জারীকৃত ফরম্যাটে এ প্রতিবেদন দিবেন। প্রতিবেদনের আলোকে দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর সেকশন-৯৮ অনুসারে প্রযোজ্য ক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির আদেশ জারী করা হবে।

## ৫.১৬। বন্ড সংক্রান্ত দলিলাদিতে স্বাক্ষর

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদেও বোর্ড মিটিংয়ের সিদ্ধান্তের কপি
- যথাযথ মূল্যমানের স্ট্যাম্পে স্বাক্ষরসহ আবেদন এবং প্রত্যয়ন

## ৫.১৭। বার্ষিক অডিট বা নিরীক্ষা

অডিট এর জন্য বন্ডার কর্তৃক দাখিলযোগ্য দলিলাদি নিম্নরূপঃ

- নির্ধারিত ছকে লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত বার্ষিক আমদানি-রপ্তানি কার্যক্রমের বিবরণ;
- বাংলাদেশ ব্যাংক নির্ধারিত ফরমেটে লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত নিরীক্ষা মেয়াদের পিআরসি;
- স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরের বিবরণ (যদি থাকে);
- পাস বই;
- নিরীক্ষা মেয়াদে আমদানিকৃত পণ্যের এলসি (MLC/BBLC) বিল অব এন্ট্রি, ইনভয়েস, বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক চালান;
- নিরীক্ষা মেয়াদে রপ্তানিকৃত পণ্যের বিল অব এক্সপোর্ট, ইনভয়েস/ইনডেন্ট, বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক চালান, এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে কাস্টমস বন্ড কমিশনারেট, সংগ্রহ করে নিবে), ইউডি/ রপ্তানি আদেশসমূহের মূল কপি ও ইএক্সপি ইত্যাদি;
- বিজিএমইএ, বিকেএমইএ কর্তৃক প্রদত্ত ইউডি সংক্রান্ত বিবরণী/সার সংক্ষেপসহ প্রত্যয়নপত্র;
- লিয়েন ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংক দিয়ে আমদানি-রপ্তানি হয়নি মর্মে ঘোষনাপত্র;
- ইপিজেড এর সাথে আমদানি রপ্তানি হয়েছে কীনা এ বিষয়ে কোম্পানীর নিজস্ব প্যাডে ঘোষনাপত্র;

উল্লিখিত দলিলাদির ভিত্তিতে কাস্টমস বন্ড কমিশনারেট নির্ধারিত ফরমেটে অডিট সম্পন্ন করবে।

## ৫.১৮। স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর

স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরের জন্য আবেদনের সাথে নিম্নোক্ত দলিলাদি দাখিলযোগ্য;

- যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে সম্পাদিত চুক্তিপত্র;
- কাঁচামাল প্রদানকারী প্রতিষ্ঠানের স্থানান্তরতব্য কাঁচামাল আমদানির দলিলাদি, যেমন ব্যাক-টু-ব্যাক এলসি, ইনভয়েস, বিএল/ এয়ারওয়ে বিল/ ট্রাক চালানের কপি, বি/ই, ইউডির কপি;

- লিয়েন ব্যাংকের অনাপত্তি পত্র ;
- কাঁচামাল গ্রহণকারী প্রতিষ্ঠানের এলসি/সেলস কন্ট্রাক্ট, ব্যাক-টু-ব্যাক এলসি, প্রোফরমা ইনভয়েস, ইউডি, ক্রয় আদেশের কপি;
- স্থায়ী আন্ত বন্ড স্থানান্তরতব্য কাঁচামালের নমুনা ;
- বিজিএমইএ/ বিকেএমই এর সুপারিশ; এবং
- স্থানান্তরকালে পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব আন্তবন্ড গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক বহনের রিস্ক বন্ড । এক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তে স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর অনুমোদন দেয়া যাবে ।

**শর্তসমূহঃ**

- যে কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে স্থানান্তরতব্য কাঁচামাল আমদানি হয়েছে সে কাস্টম হাউস/স্টেশনে বা নিকটতম কাস্টম হাউসে রক্ষিত উভয় প্রতিষ্ঠানের পাশ বইয়ে অথবা কাস্টমস বন্ড কমিশনারেটে রক্ষিত বন্ড রেজিস্টারে উক্ত স্থানান্তরের তথ্য লিপিবদ্ধ করিয়ে নিতে হবে; এবং
- স্থানান্তরতব্য পণ্য রপ্তানির সপক্ষে পিআরসি সংশ্লিষ্ট রপ্তানিকারক কর্তৃক রপ্তানির পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে বন্ড কমিশনারেটের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বরাবরে উপস্থাপন করতে হবে;

### ৫.১৯ । শতভাগ রপ্তানিমুখী পোষঅক শিল্পের জন্য ঋনপত্র ব্যতিরেকে আমদানিকৃত ০৪(চার) মাসের প্রয়োজনীয় কাঁচামাল বন্ডের আওতায় খালাস (জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৩(১) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০০১/৭০২(১), তারিখ-১৩.১২.২০১৩ মোতাবেক)

- পূর্ববর্তী বছরের আমদানি ও রপ্তানির পারফরমেন্সের ভিত্তিতে ০৪ মাসের প্রয়োজনীয় কাঁচামাল বিবরণ ও পরিমাণ সম্পলিত বিবরনী স্ব স্ব লিয়েন ব্যাংক হতে সংগ্রহপূর্বক বিজিএমইএ এর নিকট দাখিল করতে হবে;
- দাখিলকৃত বিবরনীর ভিত্তিতে বিজিএমইএ প্রাপ্যতা তালিকা (১ম, ২য় ও ৩য় কপি) জারী করবে । এবং লিয়েন ব্যাংকের বিবরনী সত্যায়িত করে উক্ত প্রাপ্যতা তালিকার ২য় কপি বন্ড কমিশনারেটের নিকট দাখিল করতে হবে;
- সংশ্লিষ্ট পণ্য ছাড়করণের ক্ষেত্রে তালিকার মূল কপি সংশ্লিষ্ট শুল্ক ভবনে উপস্থাপন করতে হবে । ইউডি নং ও তারিখসহ আমদানি এবং খালাস সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পাশ বইয়ে লিপিবদ্ধ করে পণ্য চালান খালাস প্রদান করতে হবে । এরূপ খালাসকৃত পণ্য চালানের তথ্য সাথে সাথে বন্ড নিয়ন্ত্রনকারীকমিশনারেটকে অবহিত করতে হবে । তাছাড়া, শুল্ক ভবন/স্টেশন মূল প্রাপ্যতা তালিকার বিষয়ে কোনরূপ সন্দেহ দেখা দিলে বন্ড কমিশনারেট হতে যাচাই করে নিতে হবে ।
- কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে রিভলভিং পদ্ধতিতে কাঁচামাল আমদানি করার প্রয়োজনীয়তা দেখা দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রাপ্যতা তালিকার অধীনে আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পোষাক রপ্তানি হয়েছে মর্মে লিয়েন ব্যাংকের নিকট থেকে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক বিজিএমইএ এর নিকট দাখিল করতে হবে । উক্তরূপ প্রত্যয়নপত্রের ভিত্তিতে বিজিএমইএ প্রযোজ্য পরিমাণ কাঁচামাল চলতি অর্থবছরের অবশিষ্ট প্রাপ্যতার সঙ্গে যোগ করে চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা নির্ধারণ করে দেবে । উক্তরূপ নিরুপিত চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা ৫.১৯ এর ১ম উপ-অনুচ্ছেদে এ বর্ণিত পদ্ধতিতে নতুনভাবে জারী করতে হবে । সেক্ষেত্রে রিভলভিং পদ্ধতিতে নিরুপিত চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা শব্দগুলো উক্ত তালিকার উপরিভাগে বোল্ড অক্ষরে লিপিবদ্ধ করে দিতে হবে ।
- উপরে বর্ণিত পদ্ধতিতে আমদানির ক্ষেত্রে কাস্টমস বন্ড কমিশনারেট এর কোন পূর্বানুমতির প্রয়োজন হবে না । যে শুল্ক ভবন/ষ্টেশনের মাধ্যমে পণ্য চালান আমদানি হবে সে শুল্ক ভবন/ষ্টেশনের সংশ্লিষ্ট কমিশনার অথবা তার মনোনীত কর্মকর্তা পণ্য চালান খালাসের অনুমতি প্রদান করবেন ।

### ৫.২০ । বন্ডিং মেয়াদ উত্তীর্ণ কাপড়/ সুতা সমন্বয়করণ

বন্ডিং মেয়াদ কাপড়/ সুতা ব্যবহার করে রপ্তানির ক্ষেত্রে কাপড়/ সুতার মেয়াদ বৃদ্ধি ও অডিটে সমন্বয়করণের জন্য নিম্নোক্ত দলিলপত্র দাখিল করতে হবে ।

- আমদানি সংক্রান্ত সকল দলিল
- রপ্তানি সংক্রান্ত সকল বিল অব এক্সপোর্ট, ইনভয়েস অথবা প্রোফরমা ইনভয়েস অথবা ইনডেন্ট, বিএল/ এয়ারওয়ে বিল/ ট্রাক চালান, ইউডির কপি, পাশ বই, ইজিএম, ইএক্সপি ও পিআরসি
- সমিতির সুপারিশ

দাখিলকৃত দলিলাদি ও তথ্যাদি পরীক্ষান্তে সঠিক পাওয়া গেলে সমন্বয়করণের জন্য আদেশ দেওয়া হবে ।

## ০৬। সরকারী রাজস্ব আহরণে কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রামের অবদানঃ

পূর্ণাঙ্গ কমিশনারেট হওয়ার পর হতে এ পর্যন্ত কাস্টমস বন্ড কমিশনারেট, বরাবরই সরকারী রাজস্ব আহরণ ও লক্ষ্যমাত্রা অর্জনে উল্লেখযোগ্য ভুমিকা পালন করছে। বিগত ৩(তিন) বছরের রাজস্ব আহরণের তথ্য চিত্র নিম্নে ছকে তুলে ধরা হলোঃ-

| ক্রঃ নং | অর্থবছর | লক্ষ্যমাত্রা | আদায় | আদায়ের পার্থক্য |
|---|---|---|---|---|
| ১ | ২০১৫-১৬ | ৩৯০.০০ কোটি টাকা | ৩৯৬.৯৪ কোটি টাকা | ৬.৯৪ কোটি টাকা বেশী আদায় |
| ২ | ২০১৬-১৭ | ৫৬০.০০০ কোটি টাকা | ৩১৭.৮৬ কোটি টাকা | ২৪২.১৪ কোটি টাকা কম আদায় |
| ৩ | ২০১৭-১৮ | ৩৬৬.২২ কোটি টাকা | ৪০২.০৫ কোটি টাকা | ৩৫.৮৩ কোটি টাকা বেশী আদায় |

## ০৭। রাজস্ব আহরণ ও রাজস্ব সুরক্ষায় গৃহীত কার্যক্রমঃ

- রাজস্ব আহরণে প্রবৃদ্ধি অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা
- রাজস্ব ফাঁকি রোধে পরিদর্শন কার্যক্রম জোরদার
- অংশীজনদের সাথে মত বিনিময় সভা আয়োজন
- গণশুনানী গ্রহণ
- নিবারণী তৎপরতা বৃদ্ধি
- বন্ড প্রতিষ্ঠানসমূহের জরিপ
- মামলা নিস্পত্তিতে তৎপরতা
- বকেয়া রাজস্ব আদায় কার্যক্রম জোরদার করণ
- অফিস ব্যবস্থাপনায় পরিবর্তন ও বন্ড এলাকাসমূহের পূণর্বিন্যাস
- ইন হাউস প্রশিক্ষণ আয়োজন
- নিয়মিত রাজস্ব সভা আয়োজন

## ০৮। উপসংহারঃ

মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ সফলভাবে বাস্তবায়নে যথাযথভাবে রাজস্ব সুরক্ষা ও রাজস্ব আহরণের বিকল্প নেই। একই সাথে কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম Revenue Leakage ও বন্ড সুবিধার অপব্যবহার প্রতিরোধে অধিকতর গতিশীল থেকে Enforcement কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সর্বোপরি অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয়ের প্রত্যক্ষ দিক নির্দেশনা মোতাবেক অংশীজনদের গুনগত সেবা প্রদানের পাশাপাশি বন্ড সুবিধায় শুল্কমুক্তভাবে আমদানিকৃত কাঁচামালের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে রপ্তানি কার্যক্রমে গতিশীলতা ও প্রতিষ্ঠানগুলোর Compliance নিশ্চিতকরণেও কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## কাস্টমস বন্ড কমিশনারেট
৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম
ওয়েবসাইট ঃ www.cbcctg.gov.bd

| ক্রঃ নং | নাম | পদবী | কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আজিজুর রহমান | কমিশনার | কমিশনারেট প্রধান |
| ২. | জনাব ম. সফিউজ্জামান | অতিরিক্ত কমিশনার | ১. বন্ড বিভাগ-২; ২. লাইসেন্স শাখা; ৩. চট্টগ্রাম ইপিজেড;<br>৪. দায়িত্বপ্রাপ্ত এলাকাধীন প্রতিষ্ঠানসমূহের অডিট সম্পাদন;<br>৫. সদর দপ্তর ও প্রশাসন, জনপ্রশাসন শাখা, গোপনীয় শাখা, সাধারণ শাখা;<br>৬. পুরস্কার শাখা, যানবাহন শাখা, বাজেট শাখা; সদর দপ্তর হেল্পডেস্ক;<br>৭. জাতীয় রাজস্ব বোর্ড এবং অন্যান্য সকল দপ্তরের সাথে পত্রালাপ, তথ্য সংরক্ষণ ও সরবরাহ; ৮. বিভাগীয় সমন্বয় সভা; ৯. কমিশনার কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব। |
| ৩. | জনাব মোহাম্মদ সফিউর রহমান | যুগ্ম কমিশনার-১ | ১. বন্ড বিভাগ-১ ও ৪ (ইউপি শাখা); ২. হোম কনজাম্পশন বন্ড;<br>৩.কর্ণফুলী ইপিজেড ও কোরিয়ান ইপিজেড;<br>৪. দায়িত্বপ্রাপ্ত এলাকাধীন প্রতিষ্ঠানসমূহের অডিট সম্পাদন;<br>৫. ডিউটি ফ্রি শপ, শীপস স্টোরস, ডিপ্লোমেটিক; ৬. আইন শাখা ও গোয়েন্দা শাখা;<br>৭. প্রিভেন্টিভ সংক্রান্ত কার্যক্রম<br>৮. গ্রহণ ও প্রেরণ শাখা, হিসাব শাখা, গোয়েন্দা শাখা;<br>৯. কমিশনার কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব। |
| ৪. | জনাব মোঃ তোফায়েল আহমেদ | যুগ্ম কমিশনার (চঃ দাঃ)-২ | ১. বন্ড বিভাগ-৩; ২. কুমিল্লা ইপিজেড;<br>৩. সুপারভাইজড বন্ড; ৪. দায়িত্বপ্রাপ্ত এলাকাধীন প্রতিষ্ঠানসমূহের অডিট সম্পাদন;<br>৫. স্থানীয় রাজস্ব ও নিরীক্ষা শাখা; ৬. বকেয়া শাখা, পরিসংখ্যান শাখা, রাজস্ব হিসাব শাখা; ৭. কম্পিউটার শাখা ও এ দপ্তরের অটোমেশন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী;<br>৮. দায়িত্ব বন্টন করা হয়নি এমন অন্যান্য দায়িত্ব;<br>৯. কমিশনার কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব। |
| ৫. | জনাব মোঃ হাফিজুল ইসলাম | উপ কমিশনার | ১. বন্ড বিভাগ-২,৩, ২.গোয়েন্দা ও প্রিভেন্টিভ সেল, ৩. ডিউটি ফ্রি শপ, শীপস স্টোরস বন্ড ও ডিপ্লোমেটিক বন্ড সংক্রান্ত যাবতীয় কার্যক্রম, ৪. আইন শাখা,<br>৫. জনপ্রশাসন শাখা, ৬. সদর দপ্তর প্রশাসন, ৭. স্থানীয় ও রাজস্ব অডিট শাখা,<br>৮. গ্রহণ ও প্রেরণ শাখা, ৯. হিসাব শাখা,<br>১০. কমিশনার কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব |
| ৬. | মোছাঃ আয়শা সিদ্দিকা | সহকারী কমিশনার | ১. বন্ড বিভাগ-৪ (ইউপি), ২. সুপারভাইজড বন্ড সংক্রান্ত যাবতীয় কার্যক্রম,<br>৩. পরিসংখ্যান শাখা, ৪. পুরস্কার শাখা, ৫. বন্ড লাইসেন্স শাখা , ৬. কম্পিউটার শাখা, ৭. সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স শাখা, ৮. বকেয়া শাখা, ৯.কমিশনার কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব |
| ৭. | জনাব আমীর মামুন | সহকারী কমিশনার | ১. বন্ড বিভাগ-১, ২. হোম কনজাম্পশন বন্ড, ৩. সদর দপ্তর ইপিজেড,<br>৪. সাধারণ (জিএল) শাখা, ৫. যানবাহন শাখা, ৬. কুমিল্লা ইপিজেড ও বৃহত্তর কুমিল্লা ও বৃহত্তর নোয়াখালীতে অবস্থিত বন্ডেড প্রতিষ্ঠানসূহের বন্ড লাইসেন্স নবায়ন ও অডিট সংক্রান্ত কার্যক্রম (অতিরিক্ত দায়িত্ব), ৭. কর্মচারী নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম,<br>৮. কমিশনার কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব |
| ৮. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | সহকারী কমিশনার | ১. সিইপিজেড, কর্ণফুলী ইপিজেড ও কোরিয়ান ইপিজেড এর প্রশাসন ও যাবতীয় কার্যক্রম, ২. সিইপিজেড, কর্ণফুলী ও কোরিয়ান ইপিজেড, এর অডিট,<br>৩. কমিশনার কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব। |
| ৯. | জনাব মোহাম্মদ ইসহাক মিয়া | সহকারী প্রোগ্রামার | কম্পিউটার শাখা |
| ১০. | জনাব মোঃ নায়েবুল ইসলাম | রাজস্ব কর্মকর্তা | সদর দপ্তর, ইউপি |
| ১১. | জনাব জিয়াউদ্দিন আহমেদ | রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড উত্তর গেইট। |
| ১২. | জনাব মোঃ হারুন অর রশিদ | রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড উত্তর গেইট। |
| ১৩. | জনাব মোঃ নুরুল আলম | রাজস্ব কর্মকর্তা | বন্ড সার্কেল-৩ |
| ১৪. | জনাব মোঃ আবুল খায়ের | রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ) | সিইপিজেড দক্ষিণ গেইট |
| ১৫. | জনাব মোঃ জালাল উদ্দিন | রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ) | কুমিল্লা ইপিজেড, কুমিল্লা। |
| ১৬. | জনাব মোঃ লুৎফর রহমান | রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ) | ক) কোরিয়ান ইপিজেড, খ) কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম (অতিঃ দায়িত্ব) |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | মিসেস স্মরণিকা চাকমা | রাজস্ব কর্মকর্তা (চ:দা) | বন্ড সার্কেল-৫ |
| ১৮. | জনাব মোঃ ফিরোজ হোসেন বিশ্বাস | রাজস্ব কর্মকর্তা (চ:দাঃ) | খ) বন্ড সার্কেল খ) ০১ হিসাব শাখা |
| ১৯. | জনাব মোঃ নাজমুল আহসান | রাজস্ব কর্মকর্তা (চ:দাঃ) | ক) বন্ড সার্কেল-০৪ খ) বন্ড লাইসেন্স শাখা |
| ২০. | জনাব প্রীতিময় কান্তি বড়ুয়া | রাজস্ব কর্মকর্তা (চ:দাঃ) | কর্ণফুলী ইপিজেড |
| ২১. | জনাব মোঃ আকবর আলী | রাজস্ব কর্মকর্তা (চ:দাঃ) | সিইপিজেড দক্ষিণ গেইট |
| ২২. | জনাব মোঃ আব্দুর রহিম | রাজস্ব কর্মকর্তা (চ:দাঃ) | সিইপিজেড দক্ষিণ গেইট |
| ২৩. | জনাব মুহাম্মদ মাহবুবুল আলম | রাজস্ব কর্মকর্তা (চ:দাঃ) | বন্ড সার্কেল-২ |
| ২৪. | মিসেস গোপা নন্দী | রাজস্ব কর্মকর্তা (চ:দাঃ) | সিইপিজেড উত্তর গেইট। |
| ২৫. | জনাব মংসাচিং মারমা | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১ |
| ২৬. | জনাব আলিমুজ্জামান | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-২,৯ |
| ২৭. | জনাব জসিমদ্র ত্রিপুরা | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-৩ |
| ২৮. | জনাব আসাদুজ্জামান | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-৪, আইন শাখা ও সুপারভাইজড বন্ড। |
| ২৯. | জনাব মোঃ জুয়েল ইসলাম প্রামানিক | সহঃ রাজস্ব কর্মকর্তা | ইউপি শাখা |
| ৩০. | জনাব মোহাম্মদ আলমগীর হোসেন | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-৫,৬, ২০ |
| ৩১. | জনাব জিল্লুর রহমান শাওন | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-৭ |
| ৩২. | জনাব মোঃ তাবাচ্ছুম মুরাদ অপু | সহঃ রাজস্ব কর্মকর্তা | প্রশিক্ষণরত |
| ৩৩. | জনাব সমাপ্তি চাকমা | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১০ |
| ৩৪. | জনাব মোহাম্মদ দিদারুল আলম ফারুকী | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১১ |
| ৩৫. | জনাব মোঃ মাহ্ফিদুল হাসান | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১২ |
| ৩৬. | জনাব সাইফুল ইসলাম | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১৩ |
| ৩৭. | জনাব মোঃ আল আমিন-১ | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১৪,১৫ |
| ৩৮. | জনাব মোঃ আবু হাসান | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১৬ |
| ৩৯. | জনাব নাজমুছ সাকিব | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১৭ |
| ৪০. | জনাব মোঃ আল আমিন-২ | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১৮ |
| ৪১. | জনাব কাজল কুমার সাহা | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-১৯ |
| ৪২. | জনাব মোঃ আশরাফুল ইসলাম | সহঃ রাজস্ব কর্মকর্তা | বন্ড এলাকা-৮ |
| ৪৩. | জনাব মোঃ ফারুক হোসেন | সহঃ রাজস্ব কর্মকর্তা | ইউপি শাখা |
| ৪৪. | জনাব জাহাঙ্গীর আলম | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড, চট্টগ্রাম |
| ৪৫. | জনাব মোঃ আবু তাহের খান | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড, চট্টগ্রাম |
| ৪৬. | জনাব মোঃ শহীদুল্লাহ্ | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড, চট্টগ্রাম |
| ৪৭. | জনাব শামসুল আলম | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড |
| ৪৮. | জনাব অনিক দে | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড |
| ৪৯. | জনাব মোঃ দেলোয়ার হোসেন | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড |
| ৫০. | জনাব মোঃ ইসমাইল হোসেন | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড |
| ৫১. | জনাবা সিফাত শারমিন | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড |
| ৫২. | জনাব মোঃ রাকিবুল ইসলাম | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড |
| ৫৩. | জনাব জাকের হোসাইন | সহঃ রাজস্ব কর্মকর্তা | সিইপিজেড |
| ৫৪. | জনাব আনোয়ার হোসেন | সহঃ রাজস্ব কর্মকর্তা | কুমিল্লা ইপিজেড |
| ৫৫. | জনাব ফরিদ হাসান | সহঃ রাজস্ব কর্মকর্তা | কুমিল্লা ইপিজেড |
| ৫৬. | জনাব মোঃ সফিউল আলম | সহঃ রাজস্ব কর্মকর্তা | কুমিল্লা ইপিজেড |
| ৫৭. | জনাব শরীফ হোসেন | সহঃ রাজস্ব কর্মকর্তা | কুমিল্লা ইপিজেড |
| ৫৮. | জনাব আহমদ নেওয়াজ | সহঃ রাজস্ব কর্মকর্তা | কর্ণফুলি ইপিজেড |
| ৫৯. | জনাব মোহাঃ আব্দুল্লাহ আল মামুন | সহঃ রাজস্ব কর্মকর্তা | কর্ণফুলি ইপিজেড |
| ৬০. | জনাব সালাহ উদ্দিন | সহঃ রাজস্ব কর্মকর্তা | সমন্বয় সেল |
| ৬১. | জনাব সজীব রেমা | সহঃ রাজস্ব কর্মকর্তা | কর্ণফুলি ইপিজেড |
| ৬২. | জনাব শামীম আহমেদ | সহঃ রাজস্ব কর্মকর্তা | সদ্য যোগাদনকৃত |
| ৬৩. | জনাব মোঃ আব্দুল আলীম | কম্পিউটার অপারেটর | কম্পিউটার শাখা |
| ৬৪. | জনাব মোঃ সালা উদ্দিন সোহেল | কম্পিউটার অপারেটর | কম্পিউটার শাখা |
| ৬৫. | জনাব মোঃ সাইফুল ইসলাম | অফিস সুপারিনটেনডেন্ট | পিএ টু কমিশনার |
| ৬৬. | জনাব উৎপল বিশ্বাস | অফিস সুপারিনটেনডেন্ট | সদর দপ্তর |
| ৬৭. | জনাব এ টি এম ছালেহ নূর | ক্যাশিয়ার | হিসাব শাখা |

কর্তৃপক্ষ
**কাস্টমস বন্ড কমিশনারেট**
৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম

কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম

# কাস্টমস বন্ড কমিশনারেট

৪২, এম.এম. আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম

ওয়েবসাইট: www.cbcctg.gov.bd

ই-মেইল: cbcctg@yahoo.com

ফোন: ০৩১-২৮৬৩২৫৩, ০৩১-২৮৬৩২৫১